গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, লালমনিরহাট
http://doict.lalmonirhat.gov.bd

## জুলাই ২০২৬ মাসের জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মুহঃ রাশেদুল হক প্রধান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ |
| সভার সময় | দুপুর ১২:০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহার, প্রয়োগ ও প্রসারের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে এবং প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অতঃপর প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) সভার আলোচ্যসূচি তুলে ধরেন। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল সংক্রান্ত** | প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণ ও তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকরণে জাতীয় তথ্য বাতায়ন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জেলার সকল ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। জেলা পর্যায়ের ৭০ টি পোর্টালের হালনাগাদ বিষয়ক বিস্তারিত প্রতিবেদন প্রদান করা হয়। সংশ্লিষ্ট মাসে জেলা পর্যায়ের ৭০টি ওয়েবপোর্টাল পর্যালোচনা করে দেখা যায়, ৬৬ টি দপ্তরের পোর্টালে ৭টি প্রয়োজনীয় তথ্যের সবগুলো তথ্য রয়েছে এবং বাকি ০৪টি দপ্তরের অধিকাংশ সূচক/মেন্যু হালনাগাদ আছে; **শুধু নোটিশ বোর্ড হালনাগাদ নেই।** প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) জানান যে, আইসিটি অধিদপ্তরের জেলা কার্যালয় হতে নিয়মিতভাবে জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরণে নিয়মিত কারিগরি সহায়তা দেয়া হচ্ছে ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট ও প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট |

| | | | |
|---|---|---|---|
| ০২ | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি** | জেলা ও উপজেলা পর্যায়ের যেসকল দপ্তর ই-নথি লাইভে অন্তর্ভুক্ত ছিল সেসকল দপ্তরকে ডি-নথিতে আপগ্রেডেশন করা হয়েছে। সভায় ডি-নথির ব্যবহার বৃদ্ধি করার প্রতি গুরুত্বারোপ করা হয়। আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয় হতে নিয়মিতভাবে জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরে ডি-নথি ব্যবহার বৃদ্ধিতে কারিগরি সহায়তা দেয়া হচ্ছে ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। গত ২০-২১ মে ২০২৬ ইং তারিখ এটুআই কর্তৃক লালমনিরহাট জেলার বিভিন্ন দপ্তরের ৮০ জন কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে ০২ (দুই) দিন ব্যাপী ডি-নথি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় জেলার যেসকল অফিসকে ডি-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, সেসব অফিসে ডি-নথি ব্যবহারকারী বৃদ্ধি করার উপরে গুরুত্বারোপ করেন এবং ডি-নথিতে শতভাগ দাপ্তরিক কার্য সম্পাদন করার জন্য অনুরোধ করেন। | জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), লালমনিরহাট/ প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট |
| ০৩ | **আইসিটিডি ডিজিটাল ল্যাব বিষয়ক** | লালমনিরহাট জেলায় ৩টি আইসিটিডি স্কুল অফ ফিউচারসহ মোট ৭৪টি আইসিটিডি ডিজিটাল ল্যাব রয়েছে। এ সম্পর্কে রিপোর্ট সভায় পেশ করা হয়।<br>সভায় আইসিটিডি ডিজিটাল ল্যাবের কার্যকর ব্যবহার ও নিরাপত্তার আলোচনা করা হয়। ল্যাবে নিয়মিত পরিদর্শন করে কম্পিউটার ও অন্যান্য মালামাল সচল রাখা এবং ল্যাবের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, রক্ষণাবেক্ষণ ও ল্যাব ব্যবহারের রেজিস্টার সংরক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদান করতে সভাপতি মহোদয় জেলা শিক্ষা অফিসার, প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) ও সহকারী প্রোগ্রামারগণকে নির্দেশনা প্রদান করেন। | জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট/ প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট/ সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, লালমনিরহাট |
| ০৪ | **উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান** | সভাপতি মহোদয় প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করার তাগিদ প্রদান করেন এবং কার্যবিবরণী জেলায় প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। নির্ধারিত সময়ের মধ্যে সকল উপজেলা হতে কার্যবিবরণী পাওয়ার লক্ষ্যে যোগাযোগ করে তাগিদ প্রদান করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট/ প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট/ সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, লালমনিরহাট |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **জেলায় আইসিটি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন** | ১। আইসিটি শিল্পে নারীদের দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে সারাদেশের ন্যায় লালমনিরহাট জেলার সদর, আদিতমারী ও কালীগঞ্জ উপজেলায় **"হার পাওয়ার প্রকল্পঃ প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন"** শীর্ষক প্রকল্পের মাধ্যমে "উইমেন আইটি সার্ভিস প্রোভাইডার" ব্যাচের প্রশিক্ষণ ৩০ এপ্রিল, ২০২৪ তারিখে সমাপ্ত হয়েছে। প্রতি উপজেলায় ৮০ জন করে প্রশিক্ষণার্থী এই প্রশিক্ষণ গ্রহণ করছেন।<br>২য় পর্যায়ে সদর, আদিতমারী ও  কালীগঞ্জ উপজেলায় "উইমেন ই-কমার্স প্রফেশনাল" কোর্সে ০১ (একটি) **ব্যাচে ২৫ জন করে প্রশিক্ষণার্থী এবং "উইমেন কল সেন্টার এজেন্ট" কোর্সে ০১ (একটি) ব্যাচে ২৫ জন করে প্রশিক্ষণার্থী নিয়ে** প্রশিক্ষণ কার্যক্রম ডিসেম্বর/২৪ এ সমাপ্ত হয়েছে। এছাড়াও সদর, আদিতমারী ও  কালীগঞ্জ উপজেলায় "গ্রাফিক্স ডিজাইন" কোর্সে ০২ (দুইটি) **ব্যাচে ২০ জন করে প্রশিক্ষণার্থী এবং "ডিজিটাল মার্কেটিং" ও "ওয়েব ডেভেলপমেন্ট"** কোর্সে ০১ (একটি) **ব্যাচে ২০ জন করে প্রশিক্ষণার্থী** নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম ২০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত হয়েছে। লালমনিরহাট জেলায় ৪টি ক্যাটাগরিতে মোট ৫৮০ জন প্রশিক্ষণার্থী এই প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণ করেছেন।<br>সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ল্যাপটপ প্রদান সম্পন্ন হয়েছে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **জেলা ও উপজেলা পর্যায়ে ইডিসি প্রকল্পের আওতায় সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র ও এন্ড ইউজার কানেকটিভিটি সংক্রান্ত** | লালমনিরহাট জেলার সদর ও পাটগ্রাম উপজেলায় 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' স্থাপনের কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' বুঝে নেয়ার জন্য কমিটি গঠন করা হয়েছে। আদিতমারী, কালিগঞ্জ ও হাতীবান্ধা উপজেলায় 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ইডিসি প্রকল্পের আওতায় লালমনিরহাট জেলায় সর্বমোট ১২৭৫ টি প্রতিষ্ঠানে "এন্ড ইউজার কানেক্টিভিটি" প্রদানের কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত ৫৪১টি প্রতিষ্ঠানে সংযোগ প্রদান সম্পন্ন হয়েছে। সভাপতি মহোদয় প্রকল্প অফিসের প্রেরিত নির্দেশনা ও স্পেসিফিকেশন অনুযায়ী সকল ডিভাইস ও ফাইবার অপটিক ক্যাবল ব্যবহার করা হচ্ছে কিনা তা যাচাই ও ইন্টারনেট সংযোগের মান তত্ত্বাবধান করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট/ প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট/ সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, লালমনিরহাট |
| ০৭ | **সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত** | সামাজিক যোগাযোগ মাধ্যম ও অন্যান্য সফটওয়্যার ব্যবহারে সাবধানতার সহিত পাসওয়ার্ড ব্যবহার, ইমেইলে আগত অপরিচিত লিংকে প্রবেশ না করাসহ অন্য কারো সাথে ওটিপি/পিন শেয়ারে সাবধানতা অবলম্বন করতে হবে।<br>পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিতভাবে সাইবার সচেতনতামূলক ব্রিফিং আয়োজন করা যেতে পারে মর্মে সভাপতি মহোদয় মত প্রকাশ করেন। | জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট/ প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট/ সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, লালমনিরহাট |

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দের নিকট প্রযুক্তিনির্ভর উন্নত বাংলাদেশ বিনির্মাণে আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সংযুক্তিঃ**

(১) পরিশিষ্ট "ক"

২৭-০৭-২০২৬
মুহঃ রাশেদুল হক প্রধান
জেলা প্রশাসক

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩
২৭ জুলাই ২০২৬

**নম্বর:** ৫৬.০৪.৫২০০.০০০.০০০.০৬.০০০১.১৯.৬৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৩। সদস্য (সকল), জেলা আইসিটি কমিটি, লালমনিরহাট।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
৫। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমনিরহাট।
৬। অফিস কপি।

২৮-০৭-২০২৬
আরাবী মোহাম্মদ
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)